# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ২ | ৯ | ৩ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ৭ টি প্রশ্নের উত্তর দাও।]*

**১.** ► 'ক' ব্যাংকের একই নামে অনেক শাখা আছে। অন্যদিকে 'খ' ব্যাংক একটি মাত্র অফিস নিয়ে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে। 'ক' ব্যাংকের মুনাফা 'খ' ব্যাংকের তুলনায় যেমন বেশি তেমনি এর কার্য পরিধিও অনেক ব্যাপক ও বিস্তৃত।

ক. গারনিশি আদেশ কী? ১

খ. ব্যাসেল-২ চুক্তি বলতে কী বোঝ? ২

গ. 'ক' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে 'ক' ও 'খ' ব্যাংকের মধ্যে অর্থনৈতিক উন্নয়নে কোন ব্যাংকটি বেশি ভূমিকা রাখবে বলে তুমি মনে করো? আলোচনা করো। ৪

**২.** ► বাংলাদেশ ব্যাংক দেশের মুদ্রা বাজারের স্থিতিশীলতা রক্ষার দায়িত্বপ্রাপ্ত একটি প্রতিষ্ঠান। সম্প্রতি দেশে মুদ্রাস্ফীতি দেখা দিলে ব্যাংকটি তার সুদের হার ৫% থেকে বৃদ্ধি করে ৭% এ উন্নীত করে। তবুও মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে না আসায় ব্যাংকটি ঋণ প্রদানের ক্ষেত্রে কতকগুলো খাত সুনির্দিষ্ট করে দেয়। এতে ঋণ সরবরাহ স্থিতিশীল হয়।

ক. নিকাশ ঘর কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে ঋণের শেষ আশ্রয়স্থল বলা হয় কেন? ২

গ. বাংলাদেশ ব্যাংক সর্বপ্রথম ঋণ নিয়ন্ত্রণের জন্য কোন পদ্ধতি ব্যবহার করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. দ্বিতীয় পর্যায়ে কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক ঋণ নিয়ন্ত্রণ গ্রহণ কার্যক্রম কতটুকু যৌক্তিক? উদ্দীপকের আলোকে তোমার মতামত দাও। ৪

**৩.** ► মি. শাহারিয়ার কুষ্টিয়ায় বসবাস করেন। এখানেই 'সুরমা' ব্যাংকে তার একটি সঞ্চয়ী হিসাব রয়েছে। হঠাৎ করে তার অর্থ উত্তোলনের প্রয়োজন হয়। কিন্তু তার হিসাবে যথেষ্ট টাকা থাকা সত্ত্বেও ব্যাংক তাৎক্ষণিকভাবে তার উপস্থাপিত চেকের টাকা পরিশোধে অপারগতা জানায়। এজন্য পরবর্তীতে তিনি আর্থিক সামর্থ্য ভালো এমন ব্যাংকে হিসাব খোলার সিদ্ধান্ত নেন।

ক. ঋণ-আমানত সৃষ্টি কী? ১

https://teachingbd24.com

খ. বাণিজ্যিক ব্যাংক কীভাবে বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের আলোকে ব্যাংক কেন মি. শাহারিয়ারকে অর্থ পরিশোধে ব্যর্থ হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. পরবর্তীতে হিসাব খোলার জন্য মি. শাহরিয়ার ব্যাংকের কোন নীতিকে প্রাধান্য দিবেন? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৪.▶ জনাব সুমনের এবিসি ব্যাংকের তিনটি শাখার হিসাব বিবরণী নিম্নে তুলে ধরা হলো:

| শাখার নাম | আমানত (টাকা) | উত্তোলন (টাকা) | মুনাফা (টাকা) |
|---|---|---|---|
| ধানমন্ডি | ২০,০০,০০০ | ১৫,০০,০০০ | - |
| গুলশান | ১০,০০,০০০ | ২,০০,০০০ | ১৫,০০০ |
| রামপুরা | ১৬,০০,০০০ | - | ৯০,০০০ |

জনাব সুমন আগামী মাসে চাকরি হতে অবসর নিবেন এবং অবসরকালীন ভাতা হিসাবে ২০,০০,০০০ টাকা পাবেন। কিন্তু তিনি সিদ্ধান্ত নিলেন কোন ব্যবসায়ের সাথে জড়িত না হয়ে সাধারণ জীবন-যাপন করবেন।

ক. বিশেষ চলতি হিসাব কী? ১

খ. "ব্যাংককে কেন ধার করা অর্থের ধারক বলা হয়"-ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের ধানমন্ডি শাখায় জনাব সুমন কোন ধরনের হিসাব খুলেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. অবসরকালীন ভাতা জমানোর জন্য জনাব সুমনের কোন শাখার হিসাবটি বেশি উপযোগী? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৪

৫.▶ জনাব আবিদ তার দেনাদার মি. কাশেম বরাবর ২০,০০০ টাকার একটি দলিল তৈরি করতে গিয়ে লিখলেন-অদ্য থেকে ২ মাস পরে আপনার কাছে বিক্রীত পণ্যের মূল্যে বাবদ জনাব তাহেরকে অথবা তার আদেশানুসারে ২০,০০০ টাকা মাত্র প্রদান করুন। তৈরির পর তিনি মি. কাশেমের নিকট দলিলটি পাঠিয়ে তাতে স্বীকৃতিসূচক স্বাক্ষর সংগ্রহ করলেন এবং জনাব তাহেরকে দিলেন। জনাব তাহের যথারীতি পিছনে স্বাক্ষর করে তা জনাব রহিমকে প্রদান করলেন। জনাব রহিম তা তার ব্যাংক হতে বাট্টাকরণ করতে চাইলেন।

ক. বিনিময় বিল কী? ১

খ. চেকের অনুমোদন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে জনাব তাহের হস্তান্তরযোগ্য দলিলের কোন পক্ষ তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে রহিমের নাম দলিলের উপরিভাগে না থাকার পরও ব্যাংক কী দলিলটি বাট্টাকরণ করবে? যুক্তি দেখাও। ৪

Teachingbd24.com

৬.▶ বাণিজ্যিক ব্যাংক অর্থ নিয়ে ব্যবসায় করে। কোনো একটি ব্যাংক বছরে ৫০০ কোটি টাকা মুনাফা অর্জন করে, এ থেকে ১০০ কোটি টাকা আইন অনুযায়ী বাধ্যতামূলকভাবে একটি তহবিলে জমা রাখে। এ ছাড়া অন্যান্য উৎস থেকে ব্যাংকটির যে সংগৃহীত অর্থ তা থেকে গ্রাহকের অস্থাবর সম্পত্তি বন্ধক রেখে ঋণ প্রদান করে। গ্রাহকের কাছে এ ঋণ স্থাবর সম্পত্তির বিনিময়ে প্রাপ্ত ঋণের চেয়ে অধিক পছন্দনীয়। কারণ এতে সম্পূর্ণ টাকার ওপর প্রাথমিকভাবে কোনো সুদ ধার্য করা হয় না।

ক. লিয়েন কী? ১

খ. ঋণ প্রদানের ক্ষেত্রে ব্যাংকের বিবেচ্য বিষয়সমূহ সম্পর্কে আলোচনা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত মুনাফার একটি অংশ ব্যাংকের কোন ধরনের উৎস হিসেবে বিবেচিত? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে উক্ত ব্যাংক প্রদত্ত কোন ধরনের ঋণকে অধিক পছন্দনীয় বলা হয়েছে? বিশ্লেষণ করো। ৪

৭.▶ আপন তার ব্যাংক প্রদত্ত বিশেষ চুম্বকীয় কার্ড ব্যবহার করে যেকোনো সময় তার হিসাবে জমাকৃত উত্তোলন করতে পারেন। অপরদিকে অহন তার ব্যাংক প্রদত্ত একই প্রকৃতির কার্ড ব্যবহার করে তার হিসাবে পর্যাপ্ত পরিমাণ টাকা না থাকলেও যাবতীয় কেনাকাটা এবং বিল পরিশোধ করতে পারেন, যা তিনি পরবর্তীতে সুদসহ ব্যাংককে পরিশোধ করেন।

ক. ই-ব্যাংকিং কী? ১

খ. অনলাইন ব্যাংকিং-এর সুবিধা কী? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে আপনের ব্যবহৃত কার্ডের নাম কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কার্ড দুটির মধ্যে কোনটি উত্তম? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৮.▶ জনাব রাশেদ ৪০ বছর বয়সী একজন ক্যান্সার আক্রান্ত ব্যক্তি। তিনি তার জীবনের জন্য 'রমনা' বিমা কোম্পানির সাথে ১২ বছরের জন্য চুক্তিবদ্ধ হয়ে ২,০০,০০০ টাকা বিমাপত্র গ্রহণ করেন। বিমাপত্র গ্রহণকালে তিনি তার রোগের বিষয়টি গোপন রাখেন। চুক্তির ২ মাস পর তিনি মারা গেলে তার মনোনীত ব্যক্তি বিমা কোম্পানির নিকট বিষয়টি অবহিত করেন। বিমা কোম্পানি রোগের তথ্য গোপনের বিষয়টি জানতে পেরে বিমা দাবি পরিশোধে অস্বীকৃতি জানায়।

ক. স্থলাভিষিক্তকরণের নীতিটি কী? ১

খ. শস্য বিমার গুরুত্ব লিখো। ২

গ. জনাব রাশেদ কোন ধরনের জীবন বিমাপত্র গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বিমা কোম্পানির সিদ্ধান্তটি কী যৌক্তিক হয়েছে বলে তুমি মনে করো? তোমার মতামত দাও। ৪

Teachingbd24.com

৯.▶ রুমকি আহমেদ ২০১৫ সালে 'মেঘনা' লাইফ ইন্স্যুরেন্স এর সাথে মাসিক প্রিমিয়াম প্রদানের বিনিময়ে ১২ বছরের জন্য একটি বিমা চুক্তি সম্পাদন করেন। ১২ বছরের মধ্যে তিনি মারা গেলে তার মনোনীত সন্তানেরা বিমার অর্থ পাবেন আর বেঁচে থাকলে তিনি অর্থ পাবেন। ৬ বছর পর আর্থিক অসঙ্গতির কারণে তিনি বিমা চুক্তিটি বন্ধ করে দেয়ার জন্য আবেদন করেন এবং প্রদত্ত প্রিমিয়ামের ২৫% ফেরত প্রদানের দাবি করেন।

ক. সাময়িক বিমা কী? ১

খ. "জীবন বিমা চুক্তিকে কেন নিশ্চয়তার চুক্তি বলা হয়"-ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে রুমকি আহমেদ কোন ধরনের জীবন বিমাপত্র গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'মেঘনা' লাইফ ইন্স্যুরেন্স রুমকি আহমেদকে কি তার দাবিকৃত অর্থ প্রদান করবে? যুক্তিসহ ব্যাখ্যা করো। ৪

১০.▶ সিয়াম কোম্পানি লি. ৫০ কোটি টাকা মূল্যের একটি জাহাজ, 'ক' ও 'খ' দুটি বিমা কোম্পানির কাছে বিমা করে। 'খ' বিমা কোম্পানিটি আবার 'গ' বিমা কোম্পানির কাছে সিয়াম কোম্পানি লি. এর জাহাজের অংশবিশেষ বিমা করে। জাহাজটি অন্য একটি জাহাজের সাথে ধাক্কা লেগে ক্ষতিগ্রস্ত হয় এবং মেরামত করতে ১২ কোটি টাকা খরচ হয় যা 'ক' ও 'খ' বিমা কোম্পানি সিয়াম কোম্পানিকে পরিশোধ করে।

ক. নৌ বিপদ কী? ১

খ. নৌ-বিমার ব্যক্ত ও অব্যক্ত শর্তগুলো উল্লেখ করো। ২

গ. সিয়াম কোম্পানি লি. কোন ধরনের বিমা চুক্তি সম্পাদন করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে 'খ' বিমা কোম্পানিটি, 'গ' বিমা কোম্পানির কাছে সিয়াম কোম্পানি লি.-এর জাহাজের অংশবিশেষ বিমা করার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

১১.▶ জনাব রাসেল একটি ফার্নিচার দোকানের মালিক। তিনি তার দোকানে রক্ষিত ৩ লক্ষ টাকার আসবাবপত্রের জন্য ২ লক্ষ টাকার একটি বিমাপত্র গ্রহণ করেন। সম্প্রতি আগুন লেগে উক্ত দোকানের ১.৬ লক্ষ টাকার আসবাবপত্র পুড়ে যায়। তিনি বিমা প্রতিষ্ঠানের কাছে দাবি করলে বিমা কোম্পানি উক্ত ক্ষতিপূরণের সম্পূর্ণ অর্থ পরিশোধের দাবিটি প্রত্যাখ্যান করে। রাসেল সাহেব আদালতের সাহায্য নিতে চাইলে আদালত বিমা কোম্পানির পক্ষে অবস্থান নেয়।

ক. অগ্নি অপচয় কী? ১

খ. নির্দিষ্ট বিমাপত্রের সুবিধা কী? ব্যাখ্যা করো। ২

গ. জনাব রাসেল কত টাকা ক্ষতিপূরণ পাবেন বিমা কোম্পানির কাছ থেকে? ৩

ঘ. বিমা কোম্পানি কর্তৃক সম্পূর্ণ অর্থ পরিশোধের দাবিটি প্রত্যাখ্যানের ক্ষেত্রে কোন অগ্নিবিমা পত্রের প্রতিফলন ঘটেছে বলে তুমি মনে করো। আলোচনা করো। ৪

https://teachingbd24.com

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : ২৯৩

সময় ঃ৩০ মিনিট

পূর্ণমান—৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১. **ব্যাংকিং ব্যবস্থার মূল শক্তি কোন ব্যাংক?**
ⓚ বাণিজ্যিক ⓚ কেন্দ্রীয়
ⓖ অতালিকাভুক্ত ⓖ বিশেষায়িত

(ক) বাণিজ্যিক (খ) কেন্দ্রীয়
(গ) অতালিকাভুক্ত (ঘ) বিশেষায়িত

**উদ্দীপকটি পড়ো এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব কামাল একটি দলিলের মাধ্যমে জনাব জামালকে নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের জন্য শর্তহীন নির্দেশনা প্রদান করেন এবং নগদ ৫০০ টাকার একটি বান্ডিল দেন।

২. **দলিলটির নাম কী?**
(ক) অঙ্গীকার পত্র (খ) বিনিময় বিল
(গ) চেক (ঘ) ব্যাংক ড্রাফট

৩. **৫০০ টাকার নোটকে কি বলে?**
(ক) সরকারি নোট (খ) ব্যাংক নোট
(গ) তলবি নোট (ঘ) বন্ধকি নোট

৪. **হস্তান্তরযোগ্য দলিলের বৈশিষ্ট্য হলো—**
i. লিখিত দলিল
ii. হস্তান্তরযোগ্যতা
iii. মালিকানা স্বত্ব হস্তান্তরযোগ্য
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫. **কেন্দ্রীয় ব্যাংক কিভাবে মুদ্রাস্ফীতি কমিয়ে থাকে—**
i. ব্যাংক রেট বাড়িয়ে
ii. ব্যাংক রেট কমিয়ে
iii. বিধিবন্ধ জমা বাড়িয়ে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৬. **BASEL কী?**
(ক) ব্যাংক পরিচালনার মানদণ্ড
(খ) উৎপাদনের মানদণ্ড
(গ) ব্যবসায় কার্যক্রমের মানদণ্ড
(ঘ) বিমা কার্যক্রমের মানদণ্ড

**উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. সাইফুল প্রায়শই বিদেশে যান। টাকা নিয়ে যেতে পারেন না। নগদ ডলার নিয়ে যাওয়া ঝুঁকিপূর্ণ মনে করেন। তার এক বন্ধু বললেন এখন আর নগদ ডলার নেওয়ার তেমন প্রয়োজন হয় না।

৭. **মি. সাইফুল কর্তৃক টাকা বিদেশে নিয়ে যেতে না পারার কারণ হলো—**
i. দেশি টাকা বিদেশে চলবে না
ii. দেশিয় মুদ্রার প্রচার কাঙ্ক্ষিত নয়
iii. বাংলাদেশি টাকা আন্তর্জাতিক মুদ্রা হিসেবে স্বীকৃত নয়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৮. **মি. সাইফুলের জন্য নগদ ডলার নেয়ার উত্তম বিকল্প কোনটি হতে পারে?**
(ক) ভ্রমণকারী চেক
(খ) ভ্রমণকারীর প্রত্যয়পত্র
(গ) ব্যাংক গ্যারান্টি সনদ
(ঘ) ব্যাংক ড্রাফট

৯. **বাংলাদেশে বিদেশি বাণিজ্যিক ব্যাংকের সংখ্যা কতটি?**
(ক) ৬টি (খ) ৭টি
(গ) ৮টি (ঘ) ৯টি

১০. **কোন ক্ষেত্রে দ্বৈত বিমা করা যায় না?**
(ক) নৌ বিমা (খ) অগ্নিবিমা
(গ) শস্য বিমা (ঘ) জীবন বিমা

১১. **বাংলাদেশে ব্যাংকের প্রধান নির্বাহী কে?**
(ক) মহাব্যবস্থাপক (খ) ব্যবস্থাপক
(গ) সি.ই.ও (ঘ) গভর্নর

১২. **POS সংশ্লিষ্ট উপকরণ হলো—**
i. ডেবিট কার্ড
ii. ATM বুথ
iii. কার্ড এক্টিভেটেড টারমিনাল
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব টিটু চীন থেকে সমুদ্র পথে পেঁয়াজ আমাদনি করে। ৫০ লক্ষ টাকা পেঁয়াজের ক্ষতির কথা ভেবে যাত্রা পথে ক্ষতির বিপরীতে মধুমতি বিমা কোং থেকে ৪০ লক্ষ টাকার নৌ বিমা পত্র গ্রহণ করেছে এবং এককালীন ৪০ হাজার টাকা উক্ত বিমা কোম্পানিকে প্রদান করেন।

১৩. **জনাব টিটু কোন শ্রেণির বিমাপত্র গ্রহণ করেছেন?**
(ক) অগ্নিবিমা (খ) সামুদ্রিক বিমা
(গ) সময় বিমা (ঘ) যাত্রী বিমা

১৪. **বিমাকৃত বিষয়বস্তু ক্ষতিগ্রস্ত বিমাকারী কত টাকা ক্ষতিপূরণ করবে?**
(ক) ৫০ লক্ষ (খ) ৪০ লক্ষ
(গ) ৯০ লক্ষ (ঘ) ৪০ হাজার

১৫. ব্যাংকিং কার্যক্রমকে আরও উন্নত ও গতিশীল করতে ব্যবহৃত হচ্ছে—
i. কম্পিউটার ii. ভারচুয়াল ব্যাংকিং
iii. সুইফট
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

Teachingbd24.com
https://teachingbd24.com

১৬. মূল্যায়িত বিমাপত্রের বৈশিষ্ট্য হলো—
i. বিষয়বস্তুর মূল্য পূর্বেই নির্ধারিত
ii. দুর্ঘটনার পর ক্ষতির পরিমাণ মূল্যায়ন অপ্রয়োজনীয়
iii. সম্পত্তির বাজারমূল্য, বিষয়ের অন্তর্ভুক্ত নয়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৭. PIN কোন ই- ব্যাংকিং সেবায় প্রযোজ্য?
(ক) এটিএম সেবা
(খ) স্বয়ংক্রিয় নিকাশঘর সেবা
(গ) বিক্রয় বিন্দু সেবা
(ঘ) ওয়ান স্টপ সেবা

১৮. BIS এর পূর্ণরূপ কোনটি?
(ক) Bank of International Settlement
(খ) Bank of Internal Services
(গ) Bank of International Securities
(ঘ) Bank of International Society

১৯. চেকের অমর্যাদা হবার কারণ কোনটি?
i. গচ্ছিত অর্থের উপর পূর্বস্বত্ব থাকলে
ii. ভোল্টে উপর্যুক্ত পরিমাণ অর্থ না থাকলে
iii. ধারকের স্বত্বে ত্রুটি থাকলে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২০. ATM কার্ড প্রথম প্রচলন করে কোন ব্যাংক?
(ক) আমেরিকান এক্সপ্রেস ব্যাংক
(খ) ন্যাশনাল সিটি ব্যাংক অব নিউইয়র্ক
(গ) টেস্ট ব্যাংক অব পাকিস্তান
(ঘ) ডাচ-বাংলা ব্যাংক

২১. জীবন বিমার বৈশিষ্ট্য হলো—
i. আর্থিক নিশ্চয়তা
ii. প্রিমিয়াম
iii. প্রতিস্থাপন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২১. একক ব্যাংকের উৎপত্তি কোথায়?
(ক) ইংল্যান্ড (খ) ইতালি
(গ) আমেরিকা (ঘ) জার্মানি

২৩. আধুনিক নৌ বিমার জনক কে?
(ক) নিকোলাস রবিনসন
(খ) রিচার্ড মার্টিন
(গ) নিকোলাস বারবন
(ঘ) এওয়ার্ড লয়েড

২৪. বিশেষায়িক ব্যাংক—
i. কৃষি ব্যাংক
ii. বিডিবিএল ব্যাংক
iii. গ্রামীণ ব্যাংক
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫. কখন কাগজী নোটের প্রচলন ঘটে?
(ক) প্রাচীন যুগের শেষে
(খ) মধ্যযুগের প্রথমে
(গ) মধ্যযুগের মাঝামাঝিতে
(ঘ) মধ্যযুগের শেষে

২৬. সাময়িক বিমাপত্রের মধ্যে অন্তর্ভুক্ত—
i. নবায়ন
ii. রূপান্তরযোগ্য
iii. যৌথ জীবন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৭. মেরিন ইন্স্যুরেন্স আইন কত সালের?
(ক) ১৯০৫ (খ) ১৯০৬
(গ) ১৯০৮ (ঘ) ১৯০৯

২৮. অনলাইন ব্যাংকিং সেবা প্রথম কোথায় চালু হয়?
(ক) জাপান (খ) যুক্তরাষ্ট্র
(গ) যুক্তরাজ্য (ঘ) সুইডেন

উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব আমিন ২ মাস পরবর্তী তারিখের তারিখ দিয়ে একটি চেক ইস্যু করে যা জনাব আকরামকে দিয়েছেন। তারপর জনাব আকরাম একটি স্বাক্ষর দিয়ে জনাব আবিদকে প্রদান করেন।

২৯. ভবিষ্যতের তারিখ দিয়ে যে চেকটি ইস্যু করা হয় তাকে কী বলে?
(ক) ফাঁকা চেক
(খ) বাসি চেক
(গ) পূর্ববর্তী তারিখের চেক
(ঘ) পরবর্তী তারিখের চেক

৩০. যখন একজন প্রাপক চেকে স্বাক্ষর দিয়ে আরেকজনকে প্রদান করে তখন তাকে বলা হয়—
(ক) পৃষ্ঠ চেক
(খ) পূর্ববর্তী তারিখের চেক
(গ) প্রত্যায়িত তারিখের চেক
(ঘ) বাট্টাকৃত চেক

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | গ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ক | ৭ | গ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | ক |
| ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | খ | ২০ | খ | ২১ | ক | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ঘ |